

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ১, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ: ১৮ ডিসেম্বর ২০১৪/০৪ পৌষ ১৪২১

নং ৪১.০০.০০০০.০৪১.০১.০১.০০৯-২২৬(ক)—বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের উদ্দেশ্যাবলী পূরণ ও উহার কার্যাবলী সূচারূপে সম্পাদনকল্পে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ২৫ জানুয়ারি ২০০৩ তারিখে জারীকৃত রেজুলেশন নং সক্রম/কর্ম-শাঃ/বাজাসকপ-১/২০০২-৯৮ এর নিম্নরূপ সংশোধন করা হইল:

উপরি-উক্ত রেজুলেশনের—

১। ক্রমিক ১ এর (ক) এর (১) এর পর মাননীয় প্রতিমন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয় সিনিয়র সহসভাপতি হিসাবে সন্নিবেশিত হইবে;

ক্রমিক ১ এর (গ) এর (১) এ 'সরকার কর্তৃক মনোনীত দেশের ৬টি বিভাগ হইতে অনূর্ধ্ব পঞ্চাশজন প্রখ্যাত সমাজকর্মী' এর পরিবর্তে 'দেশের সকল জেলা হইতে একজন করিয়া প্রখ্যাত সমাজকর্মী' মনোনীত সদস্য হিসাবে প্রতিস্থাপিত হইবে যার মধ্যে ন্যূনতম বিশজন মহিলা সদস্য হইবেন;

ক্রমিক ১ এর (গ) এর (২) বিলুপ্ত হইবে;

ক্রমিক ১ এর (গ) এর (৩) সরকার কর্তৃক মনোনীত, 'এগারজন' এর পরিবর্তে 'সাতজন' বিশিষ্ট সদস্য প্রতিস্থাপিত হইবে।

২। ক্রমিক ৭ এর (১) এ পরিষদের অসরকারি সদস্যদের মেয়াদকাল মনোনয়নের তারিখ হইতে 'দুই বছর' এর পরিবর্তে 'তিন বছর' প্রতিস্থাপিত হইবে।

৩। ক্রমিক ১৫ এর (১) এর (ক) এর পর সরকার কর্তৃক মনোনীত অসরকারি সদস্য সহসভাপতি হিসাবে সন্নিবেশিত হইবে;

ক্রমিক ১৫ এর (৩) এ জেলা সমাজকল্যাণ পরিষদের অসরকারি সদস্যদের মেয়াদকাল মনোনয়নের তারিখ হইতে 'দুই বছর' এর পরিবর্তে 'তিন বছর' প্রতিস্থাপিত হইবে।

(৩৭)

মূল্য : টাকা ৪.০০

- ৪। ক্রমিক ১৬ এর (২) এ উপজেলা সমাজকল্যাণ পরিষদের অসরকারি সদস্যদের মেয়াদকাল মনোনয়নের তারিখ হইতে 'দুই বছর' এর পরিবর্তে 'তিন বছর' প্রতিস্থাপিত হইবে।

উল্লেখ্য যে, ২০ মে ২০১৪ তারিখের বাংলাদেশ গেজেটে প্রকাশিত এ মন্ত্রণালয়ের ১৫ মে ২০১৪ তারিখের নং ৪১.০০.০০০০.০৪১.০১.০১.০০৯-৭১ সংখ্যক প্রজ্ঞাপনটির মেয়াদ নির্ধারিত মেয়াদকাল পর্যন্ত বলবৎ থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

নাছিমা বেগম এনডিসি
সচিব।